

নৌপ্রধান কর্তৃক ওয়াক রাউন্ড।

গত ০৩ এপ্রিল ২০১৬ নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, ওএসপি, এনডিসি, পিএসসি বেলমেন হ্যাঙ্গার ও এমই এস এ অবস্থিত রিভার্স অসমাসিস (আরও) প্ল্যান্ট উদ্বোধন করেন।



ক) বেলমেন হ্যাঙ্গার স্থান পরিদর্শন।



খ) প্রধান অতিথি কর্তৃক রিভার্স অসমাসিস (আরও) প্ল্যান্ট এর শুভ উদ্বোধন।

বিএন টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতা - ২০১৫। গত ০৩ এপ্রিল ২০১৬ বিএন টেনিস ও স্কোয়াশ প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান বানৌজা ঈসাখানের ব্যবস্থাপনায় ঈসাখান টেনিস ও স্কোয়াশ গ্রাউন্ড এ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, ওএসপি, এনডিসি, পিএসসি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রেসিডেন্ট বিএনএফডব্লিউএ বেগম নাজমুন নিজাম। প্রধান অতিথি প্রতিযোগিতা উপভোগ করেন ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



ক) প্রধান অতিথির সাথে প্রতিযোগীদের আলোকচিত্র।



খ) বিজয়ীদের মাঝে প্রধান অতিথি কর্তৃক পুরস্কার বিতরণ।

আন্তঃবাহিনী ভলিবল প্রতিযোগিতা-২০১৬

গত ২৪ এপ্রিল হতে ২৮ এপ্রিল পর্যন্ত একাডেমিস্ট্র জিমেনেসিয়ামে আন্তঃবাহিনী ভলিবল প্রতিযোগিতা-২০১৬ অনুষ্ঠিত হয়। উক্ত খেলায় বাংলাদেশ সেনাবাহিনী চ্যাম্পিয়ন এবং বাংলাদেশ নৌবাহিনী রানারআপ হওয়ার গৌরব অর্জন করে। গত ২৮ এপ্রিল সমাপনী দিবসে চট্টগ্রাম- ২ পদাতিক ডিভিশনের জিওসি মেজর জেনারেল জাহাঙ্গীর কবির তালুকদার এডব্লিউসি, পিএসসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



আন্তঃবাহিনী ভলিবল প্রতিযোগিতা ২০১৬ খেলোয়ারদের সাথে পরিচিত হচ্ছেন কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল



আন্তঃবাহিনী ভলিবল প্রতিযোগিতা ২০১৬ খেলোয়ারদের সাথে আলোকচিত্রে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল



আন্তঃবাহিনী ভলিবল প্রতিযোগিতা ২০১৬ এর খেলার একটি দৃশ্য

কমান্ড্যান্ট ডিভিশন (শীপস কোম্পানী)

গত ২৭ এপ্রিল একাডেমিস্ট্র প্যারেড গ্রাউন্ডে ১নং পোষাকে কমান্ড্যান্ট ডিভিশন অনুষ্ঠিত হয়। উক্ত ডিভিশনে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত সকল অফিসার, নাবিক ও বেসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



কমান্ড্যান্ট ডিভিশন (শীপস কোম্পানী) এ সন্মান গার্ড পরিদর্শনরত কমান্ড্যান্ট বিএনএ



কমান্ড্যান্ট ডিভিশন (শীপস কোম্পানী) এ অফিসারদের সাথে পরিচিত হচ্ছেন কমান্ড্যান্ট বিএনএ



কমান্ড্যান্ট ডিভিশন (শীপস কোম্পানী) এর একটি দৃশ্য

কমান্ড্যান্ট ডিভিশন (ক্যাডেট)

গত ২৮ এপ্রিল একাডেমিস্থ প্যারেড গ্রাউন্ডে ৩নং পোষাকে প্রশিক্ষণার্থীদের কমান্ড্যান্ট ডিভিশন অনুষ্ঠিত হয়।



প্যারেড কমান্ড্যান্ট ডিভিশন (ক্যাডেট) এ প্রধান অতিথিকে সশস্ত্র সালাম প্রদান করছে



ওজি প্রধান অতিথিকে কমান্ড্যান্ট ডিভিশন (ক্যাডেট) এ সন্মান গার্ড পরিদর্শনের অনুরোধ করছেন



কমান্ড্যান্ট ডিভিশন (ক্যাডেট) এ অফিসার ক্যাডেটদের পরিদর্শন করছেন কমান্ড্যান্ট বিএনএ

অধিনায়কের মতবিনিময় - ২০১৬।

গত ২৭ এপ্রিল ২০১৬ অত্র ঘাঁটির অধিনায়ক কমডোর এস এম এ কে আজাদ, (জি), এনজিপি, এনডিসি, পিএসসি, বিএন ঘাঁটিস্থ বিনোদন কক্ষে জেসিওস ও কনিষ্ঠ নাবিকদের সাথে মত বিনিময় করেন এবং দিক নির্দেশনামূলক ভাষণ প্রদান করেন।



ক) অধিনায়ক কর্তৃক মতবিনিময় সভা।

ডি এন্ড এল কিউ এ/২০১৬ ক্লাসের সনদপত্র বিতরণ।

গত ২৮ এপ্রিল ২০১৬ ডি এন্ড এল কিউ এ/২০১৬ এর সনদপত্র বিতরণ অনুষ্ঠান ঘাঁটিস্থ সেন্ট্রাল এক্সাম হলে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে অত্র ঘাঁটির অধিনায়ক কমডোর এস এম এ কে আজাদ, (জি), এনজিপি, এনডিসি, পিএসসি বিএন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ডি এন্ড এল কিউ এ/২০১৬ কোর্স সম্পন্নকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র ও দিক নির্দেশনামূলক ভাষণ প্রদান করেন।



ক) অধিনায়ক কর্তৃক সনদপত্র প্রদান।



খ) অধিনায়ক কর্তৃক দিকনির্দেশনামূলক ভাষণ।

ফেনী গার্লস ক্যাডেট কলেজের আগমন

গত ২৮ এপ্রিল ০৯৪৫ ঘটিকায় ফেনী গার্লস ক্যাডেট কলেজের ভারপ্রাপ্ত এ্যাডজুট্যান্ট, প্রশিক্ষক, স্টাফ এবং ৬০ জন ক্যাডেটসহ মোট ৭৩ জনের একটি পরিদর্শক দল একাডেমিস্থ অডিটোরিয়াম, একাডেমিক ভবন, ওয়েস্ট পয়েন্ট এবং রেডকিন পয়েন্ট পরিদর্শন করেন।



বিএনএ ওয়েস্ট পয়েন্ট পরিদর্শনরত ফেনী গার্লস ক্যাডেট কলেজের শিক্ষার্থীবৃন্দ



বিএনএ ওয়েস্ট পয়েন্ট পরিদর্শনরত ফেনী গার্লস ক্যাডেট কলেজের শিক্ষার্থীবৃন্দ